রশিদপুর-১০ ও ১২ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন শীর্ষক প্রকল্পের অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

Code No.	Work component as per RDPP	Unit	Target (As per RDPP)		Actual progress		Reasons for deviation (±)
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
(a) Revenue Component:							
4800	Supplies and Services						
4813	VAT	L.S.	3623.11	L.S.	1720.95	L.S.	At actual (-1902.16)
4814	AIT	L.S.	2172.41	L.S.	1787.83	L.S.	At actual (-384.58)
4821	Electricity Supply, Connections etc. (Lump-sum)	L.S.	6.00	L.S.	5.09	L.S.	At actual (- 0.91)
4824	Bank Charge/Insurance						
i)	Bank Charge	L.S.	257.98	L.S.	257.98	L.S.	At actual (0.00)
ii)	Insurance	L.S.	108.01	L.S.	0.00	L.S.	At actual (-108.01)
4828	Office Stationery, Seal, Stamps, etc. for PO (Toners for photocopier/ printer, papers, etc.)	L.S.	0.50	L.S.	0.50	L.S.	At actual (0.00)
4829	IEE/EIA/EMP study	L.S.	6.50		6.50	L.S.	At actual (0.00)
4845	Entertainment	L.S.	1.00	L.S.	0.86	L.S.	At actual (-0.14)
4849	Compensation for tree, pond etc.	L.S.	37.83		37.82	L.S.	At actual (-0.01)
4851	Casual Labour (for carrying/lifting chemicals, materials and assisting in heavy works etc.)	L.S.	0.75	L.S.	0.67	L.S.	At actual (-0.08)

Code No.	Work component as per RDPP	Unit	Target (As per RDPP)		Actual progress		Reasons for deviation (±)
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
4874	Consultancy Services						At actual (-0.00)
	A) Foreign Consultant, 4.8 Man-Month	MM	194.29 (191.25)	4.8	194.29 (191.25)	4.8	
4883	Honorarium (for evaluation of committee members of about 14 nos tender)	L.S.	1.50	L.S.	1.44	L.S.	At actual (-0.06)
4886	Well GTO preparation, well location, Area Survey and Soil Test	L.S.	25.00	L.S.	24.69	L.S.	At actual (- 0.31)
4899	Others						
	i) Drilling Operation including Mobilization and Demobilization	L.S.	29410.36 (29410.36)	L.S.	29402.56 (29402.56)	L.S.	At actual (- 7.80)
	ii) Third Party Engineering Services						
	iii) Drilling Services including Materials, Engg Services, Civil Works etc						
Sub-Total (Revenue Component)			**35845.24 (29601.61)**		**33441.18 (29593.81)**	-	

(b) CAPITAL COMPONENT:

681 3	Machinery & Other Equipment/Tools						
ii)	PSI	L.S.	20.13 (20.13)	L.S.	12.10 (12.10)	L.S.	At actual (- 8.03)
681 5	3 nos desktop Computers with laser Printers(2 nos desktop computer with laser printers for project office and 1 no. desktop computer with laser printer for Consultant), 1 laptop(for project director), 1 Scanner, 1 Photocopier.	L.S.	4.00	L.S.	3.90	L.S.	At actual (- 0.10)
682 1	Office Furniture (low/full height cabinet, almirah, tables, chair etc.)	L.S.	2.32	L.S.	1.26	L.S.	At actual (- 1.06)
685 1	Others (Locally procured materials, Equipment and Spares)	L.S.	2.24	L.S.	2.23	L.S.	At actual (- 0.01)
690 0	Acquisition/Purchase of Land & Land Properties of Assets						
690 1	Land Acquisition 19.80 acres	Acres	121.10	19.80	121.10	19.80	At actual (0.00)
700 1 & 703 1	Construction of access roads & location preparation	L.S.	1121.97	L.S.	1121.93	L.S.	At actual (-0.06)
Sub-Total (Capital Component)		_	**1271.76 (20.13)**	-	**1262.52 (12.10)**	-	-
Total of Revenue and Capital Item (a+b)		_	**37117.00 (29621.74)**	-	**34703.70 (29605.91)**	-	-

(সমাপ্ত : জুন, ২০১৭)

১। **প্রকল্পের নাম** : ডেভেলপমেন্ট অব ল্যান্ড এ্যান্ডকনস্ট্রাকশন অব ৩×২৫০০ মেট্রিক টন জেট এ-১ স্টোরেজ ট্যাংক অন ডেভেলপড ল্যান্ড এ্যাট কুর্মিটোলা এভিয়েশন ডিপো,ঢাকা।

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। **বাস্তবায়ন সংস্থা** : পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)'র একটি কোম্পানি।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয় সর্বমোট টাকা প্র:সা: সংস্থার নিজস্ব	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা প্র:সা: সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা প্র:সা: সংস্থার নিজস্ব		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১০৮৯.০০ ---- --- ১০৮৯.০০	১১৭৪.৫০ ---- ---- ১১৭৪.৫০	১১৭৪.৫০ ---- ----- ১১৭৪.৫০	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১২	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭	(+) ৮৫.৫ (+৭.৮৫%)	৫৪ মাস (৩০০%)

* প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ৮৫.৫ লক্ষ টাকা বেশি হয়েছে।

৫। **প্রকল্পের অবস্থান** :

স্থান	বিভাগ	জেলা	উপজেলা
কুর্মিটিলা, ঢাকা	ঢাকা	ঢাকা	নিকুঞ্জ

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** : প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্য সংযুক্তি-ক তে সংযুক্ত রয়েছে)।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** :

প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে উল্লেখিত তথ্যানুযায়ী প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% এবং প্রকল্প পরিচালক জানান যে প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৮। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :**

৮.১। **প্রকল্পের পটভূমি :**

কুর্মিটলা এভিয়েশন ডিপোর জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ছিল ২৭০০ মেট্রিক টন এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আগত উড়োজাহাজের জন্য জেট এ-১ জ্বালানি তেলের দৈনিক চাহিদা ছিল আনুমানিক ৮০০ মেট্রিক টন। প্রকল্পটি গ্রহণের পূর্বে বিদ্যমান মজুদ ক্ষমতা দ্বারা মাত্র ৩ (তিন) দিনের জেট এ-১ জ্বালানি তেলের চাহিদা পূরণ করা সম্ভব হত। এমতাবস্থায় কুর্মিটোলা এভিয়েশন ডিপো 'র জেট এ-১ জ্বালানি তেলের মজুদ ক্ষমতা ১০২০০ মেট্রিক টনে বৃদ্ধিপূর্বক ১৩ (তেরো) দিনের জ্বালানি তেলের চাহিদা পূরণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্য:**

- পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড এর কুর্মিটোলা এভিয়েশন ডিপোর জ্বালানি তেল এ-১ এর মজুদ বৃদ্ধি; এবং
- ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের বিমানসমূহে জেট এ -১ জ্বালানি নিরবচ্ছিন নিশ্চিতকরণ।

প্রকল্পের প্রধান কার্যক্রম সমূহঃ

- ট্যাংক কনস্ট্রাকশন ম্যাটারিয়েলস (এম.এস প্লেট, এম.এস এঙ্গেল, এমএস পাইপ, গেট ভাবল্ব ক্রয়); এবং
- অগ্নি নির্বাপন যন্ত্রপাতি ইত্যাদি।

৯। **প্রকল্প অনুমোদন ও সংশোধন** :

আলোচ্য প্রকল্পটি ১০৮৯.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ সংস্থার নিজস্ব) প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১১ থেকে ডিসেম্বর ২০১২ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে গত ০৫ জানুয়ারী ২০১২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়। গত ০৬.০১.২০১৩ তারিখে প্রকল্পটির মেয়াদ ০১ বছর অর্থাৎ জুলাই ২০১১ থেকে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক আয়োজিত সভায় সুপারিশ করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ১৩.০২.২০১৪ তারিখে প্রকল্পটির মেয়াদ ২য় বার জুলাই ২০১১ থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত অর্থাৎ ০১ বছর বৃদ্ধি করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ০৩.০৩.২০১৫ তারিখে প্রকল্পটির মেয়াদ ৩য় বার জুলাই ২০১১ থেকে জুন ২০১৫ পর্যন্ত অর্থাৎ ০৬ মাস বৃদ্ধি করা হয়। পরবর্তীতে মোট ১১৭৪.৫০ লক্ষ টাকা (সম্পূর্ণ সংস্থার নিজস্ব) প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১১ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাব গত ০৬.০৩.২০১৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়।

১০। **প্রকল্পের অর্থায়ন:**

ক) জিওবি (সম্পূর্ণ বিপিসি'র অর্থায়ন): (লক্ষ টাকায়)

মোট	ঋণ	অনুদান/ইক্যুইটি	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
১১৭৪.৫০	---	---	----

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত মোট প্রাক্কলিত ব্যয় ১১৭৪.৫০ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ১১৭০.৭০ লক্ষ টাকা যা সংশোধিত মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৬৮% এবং প্রকল্প পরিচালক জানান প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১২। **পর্যবেক্ষণ** :

১২.১। গত ০৫/০৭/২০১৮ তারিখে ঢাকার নিকুঞ্জে অবস্থিত আলোচ্য প্রকল্পের এলাকা আইএমই বিভাগ কর্তৃক পরিদর্শন করা হয়।পরিদর্শনকালীন সময়ে প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন।

১২.২ ট্যাংকগুলোর বেসিক স্ট্রাকচার ইরেকশন সম্পূর্ণ না করতে পারা এবং ইরেকশনকালীন দীর্ঘ সময় গ্রহণ করার কারণে প্রথম ঠিকাদার (NGGL) কে বাতিল করে পরবর্তীতে অপর একটি ঠিকাদার (M/S. Sazin Enterprise) কে ২য় ওয়ার্ক অর্ডারের মাধ্যমে কাজটি সম্পন্ন করার জন্য চূড়ান্ত করা হয় মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.৩ প্রকল্পটি সম্পন্ন করার জন্য পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড এর বাস্তবায়ন সময় অতিক্রান্তের হার ৩০০%, যা মোটেই কাম্য নয়। এটি প্রকল্প ব্যবস্থাপনার দুর্বলতাকে তুলে ধরেছে। ভবিষ্যতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/ বিপিসি/পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড কর্তৃক গৃহীত প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য প্রকল্প ব্যবস্থাপনাকে শক্তিশালী করতে সংস্থা পর্যায়ে সর্বাত্মক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে;

১২.৪ প্রকল্পটি পরিদর্শনকালীন সময়ে জেট এ -১ পরিবহনের পাইপলাইন এর বিভিন্ন স্থান হতে ফোঁটায় ফোঁটায় জ্বালানি তেল পড়তে দেখা যায়। যা প্রকল্পটির মাধ্যমে সম্পাদিত কার্যক্রমের গুণগত মান নিশ্চিত করে না। এর ফলে প্রকল্প এলাকায় যে কোন রকমের দূর্ঘটনা ঘটতে পারে। এছাড়া জেট এ-১ মূল্যবান জ্বালানি হওয়ায় এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হচ্ছে না মর্মে প্রতিয়মান হয়। এমতবস্থায় নিয়মিত বিভিন্ন পাইপলাইন যথাযথভাবে রক্ষণা   বেক্ষণের জন্য বিপিসি /পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.৫ পিসিআর এর পৃষ্ঠা ৪ এ উল্লেখ রয়েছে যে, প্রকল্পটির Actual Expenditure ১১৭৪.৫০। কিন্তু পিসিআর এর পৃষ্ঠা ৪ এ উল্লেখ রয়েছে যে, প্রকল্পটির আর্থিক অগ্রগতি ১১৭০.৭০ লক্ষ টাকা। ভবিষ্যতে পিসিআর এ সকল তথ্য সতর্কতার উল্লেখ করতে হবে এবং আলোচ্য প্রকল্পের প্রকৃত ব্যয় সম্পর্কে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং আইএমইডি-কে অবহিত করতে হবে।

১২.৬ প্রকল্পের Audit সংক্রান্ত তথ্যঃ আলোচ্য প্রকল্পের অডিট সম্পর্কিত কোন তথ্য পিসিআর এ উল্লেখ করা নেই। সমাপ্ত প্রকল্পটির Audit দ্রুত সম্পন্নপূর্বক কোন আপত্তি থাকলে তা নিষ্পন্ন করতে হবে। এছাড়া প্রকল্পটির Audit সম্পর্কিত সর্বশেষ তথ্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং আইএমইডিতে প্রেরণ করতে হবে।

১২.৭ প্রকল্প এলাকার চিত্রঃ

চিত্রঃ জেট এ-১ স্টোরেজ ট্যাংক

চিত্রঃ জেট এ-১ স্টোরেজ ট্যাংক

চিত্রঃ ফোঁটায় ফোঁটায় জ্বালানি তেল পড়ছে

চিত্রঃ ফোঁটায় ফোঁটায় জ্বালানি তেল পড়ছে

চিত্রঃ অগ্নি নির্বাপন ব্যবস্থা

চিত্রঃ অগ্নি নির্বাপন ব্যবস্থা

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	Mr. Abu Bakar Chowdhuary	প্রকল্প পরিচালক	নিয়মিত	১৬-০৭-২০১২ থেকে ৩১-১২-২০১৬ পর্যন্ত।
২	K. M. Abdur Rahim	প্রকল্প পরিচালক	নিয়মিত	৩১-১২-২০১৬ থেকে ৩০-০৬-২০১৭ পর্যন্ত

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর এ উল্লেখিত তথ্যানুযায়ী) :

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
01. To increase the storage capacity of Aviation Fuel Jet A-1 at Kurmitola Aviation Depot (KAD) of Bangladesh Petroleum Corporation and ensure the uninterrupted supply of Jet A-1 to aircrafts at Hazrat Shahjalal International Airport (HSIA), Dhaka. 02. Construction of 3 X 2500 M.T. Jet A1 storage tanks at KAD. 03. Existing storage capacity at Kurmitola Aviation Depot (KAD) is 2700 MT and demand of Jet A-1 at present from this airport per day is 800 MT approximately. So, with the existing storage capacity the demand of Jet A-1 for 3 (three) days can be meet up. After, completion of construction of 3x2500 MT capacity storage tank, total storage capacity will stand at 10,200 MT and it will fulfill the demand of 13 days.	01. Storage Capacity of Jet A-1 has been increased. 02. Current storage capacity raise to 10,200 MT and currently it is sufficient to meet up 13 days demands.

১৫.০ **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য**(পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)ঃ

Goods & Works of the Project costing above Tk. 200.00 lakh. and Consultancy above Tk. 100.00 lakh

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted value (Tk.)	Invitation date	Contract signing/ LC opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Tank construction materials (MS Plate, Angle, pipe, Gate Valve, Floating suction device, Fire fighting equipments in/c. installation, land development and civil works (Tank Foundation, B/wall, drain, sump etc.)	11.745	10.8663026 (5.906 has been paid)	22/10/11	10/04/2012	Aug-14	29th April-15 (Cancelled)
		5.8159	26/06/15	21/03/2016	June-17	June-17

১৬। **সুপারিশ/মন্তব্য:**

১৬.১ প্রকল্পটির বাস্তবায়ন সময় অতিক্রান্তের হার ৩০০%, যা মোটেই কাম্য নয়। এটি প্রকল্প ব্যবস্থাপনার দুর্বলতাকে তুলে ধরেছে। ভবিষ্যতে বিপিসি/পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড কর্তৃক গৃহীত প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য প্রকল্প ব্যবস্থাপনাকে শক্তিশালী করতে সংস্থা পর্যায়ে সর্বাত্মক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে;

১৬.২ জেট এ-১ পরিবহনের পাইপলাইন এর বিভিন্ন স্থান হতে ফোঁটায় ফোঁটায় জ্বালানি তেল পড়তে থাকার কা রণে প্রকল্প এলাকায় যে কোন রকমের দূর্ঘটনা ঘটতে পারে। ফলে পাইপলাইনসমূহের দ্রুত রক্ষণাবেক্ষণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে;

১৬.৩ জেট এ-১ মূল্যবান জ্বালানি হওয়ায় এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৬.৪ ভবিষ্যতে জেট এ -১ পরিবহনের পাইপলাইন যথাযথভাবে রক্ষণাবেক্ষণের জন্য বিপিসি /পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৬.৫ প্রকল্পের গুনগত মান নিশ্চিত করার জন্য Quality Management এর সকল ক্ষেত্রে অনুসরণে প্রকল্প সংশ্লিষ্টরা সচেষ্ট থাকবেন;

১৬.৬ ভবিষ্যতে পিসিআর এ সকল তথ্য সতর্কতার উল্লেখ করতে হবে এবং আলোচ্য প্রকল্পের প্রকৃত ব্যয় সম্পর্কে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং আইএমইডি-কে অবহিত করতে হবে;

১৬.৭ আলোচ্য প্রকল্পটির Audit দ্রুত সম্পন্নপূর্বক কোন আপত্তি থাকলে তা নিষ্পন্ন করতে হ বে। এছাড়া প্রকল্পটির Audit সম্পর্কিত সর্বশেষ তথ্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং আইএমইডিতে প্রেরণ করতে হবে।

১৬.৮ সুপারিশ অনুচ্ছেদ ১৬ .১-১৬.৭ এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

পরিশিষ্ট-ক

Development of Land and Construction of 3x2500 M. Tons Jet-A-1 Storage Tanks on Development Land at Kurmitola Aviation Depot, Dhaka শীর্ষক প্রকল্পের অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

Sl No	**Work components as per DPP (with quantity)**		**Target (As Per RDPP) BPC**		**Actual Progress BPC**		**Reasons for deviation (±)**
		Unit	Financial	Physical (% of the component)	Financial	Physical (% of the component)	
Code Nos.	Work component as per RDPP (with quantity)						
4828	Stationeries	LS	0.40	100%	0.016	15.62 %	Cannot be utilized
4833	Advertisement and Publicity	LS	0.42	100%	0.42	100%	
4883	Honorarium	LS	1.00	100%	0.91	91%	Cannot be utilized
4887	Copy/Photo copy	LS	0.46	100%	0.20	43.48 %	Cannot be utilized
	Sub Total Revenue	-	2.28		1.546	67.8%	
6813	Tank Construction Materials (MS Plate, MS Angle, MS Pipe,	LOT	744.01	100%	742.25	100%	

Sl No	**Work components as per DPP (with quantity)**	Unit	**Target (As Per RDPP) BPC**		**Actual Progress BPC**		**Reasons for deviation (±)**
			Financial	Physical (% of the component)	Financial	Physical (% of the component)	
	Gate Valve, Floating suction assembly including install and fabrication cost etc.)						
6853	Firefighting Equipment (Including Installation)	Lot	81.24		81.26	100%	
7001	Land Development (Filling & leveling)	m³	67.97		66.98	100%	
7016	Others Building and Infrastructure	m²/m³	279.00	100%	278.66	100%	
	Price Contingency	-	-		-	-	
	Physical Contingency	-	-		-	-	
	Sub Total Capital	-	1172.22	100%	1169.158	100%	
	Total	-	1174.50		1170.70	100%	

LPG Import, Storage & Bottling Plant at Mongla শীর্ষকপ্রকল্পেরসমাপ্ত মূল্যায়নপ্রতিবেদন

১।	**প্রকল্পের নাম**	:	LPG Import, Storage & Bottling Plant at Mongla
২।	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩।	**বাস্তবায়ন সংস্থা**	:	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র আওতাধীন এল.পি গ্যাস লিমিটেড (LPGL) ।
৪।	**প্রকল্পের প্রাক্কলিত ব্যয়**	:	১ম সংশোধন অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২১০৪৬.৯৬ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা ১১৪৭৬.৫০ লক্ষ টাকা) (সম্পূর্ণ বিপিসি'র আওতাধীন পদ্মা,মেঘনা,যমুনা, এল.পি গ্যাস লিমিটেড এবং বিপিসি'র নিজস্ব অর্থায়ন)।
৫।	**প্রকল্পের বাস্তবায়নকাল**	:	জানুয়ারী ২০১২- জুন ২০১৬ পর্যন্ত (১ম সংশোধন অনুযায়ী)।
৬।	**প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও ব্যয় :**	:	প্রকল্প পরিচালক জানান যে, উপরিউক্ত প্রকল্পের জন্য ০৬/০৬/২০১৭ প্রদানকৃত মে ২০১৭ মাসের IMED 05/2003 (Revised) ফর্মে উপস্থাপিত প্রতিবেদনে মোট ১২৯.৯২৪ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছিল। পরবর্তীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়ন করা হয়নি বিধায় প্রকল্পের বিপরীতে খরচকৃত ১২৯.৯২৫ লক্ষ টাকা বাস্তবায়নকারী ৪টি কোম্পানী থেকে (পদ্মা অয়েল লিমিটেড , যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং এলপি গ্যাস লিমিটেড) সমহারে নির্বাহ করা হয়েছে।
৭।	**প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম**	:	➢ ভূমি অধিগ্রহণ-১০ একর ➢ অফিস ভবন-৪৮০০ বঃমিঃ ➢ অন্যান্য ভবন, অবকাঠামো ও জেটি নির্মান এবং ➢ যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ইত্যাদি।

৮। **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রেরিত প্রকল্পের অবস্থান পত্রঃ**

৮.১ বার্ষিক ১.০০ (এক) লক্ষ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার আমদানি নির্ভর "LPG Import, Storage & Bottling Plant at Mongla" প্রকল্পটি ২১০৪৬.৯৬ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রায় ১১৯১৪.৫৬ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে বিপিসি, পদ্মা, মেঘনা, যমুনা ও এলপিপিএল-এর নিজস্ব অর্থায়নে (প্রত্যেকে ২০% হারে) মংলা বন্দর শিল্প এলাকায় বাস্তবায়নের জন্য ২৯/০৩/২০১২ তারিখে ডিপিপি অনুমোদিত হয়। এ প্রকল্পের ২০ ভাগ শেয়ারে মালিক হিসেবে বিপিসি'র নামে মংলা বন্দর কর্তৃপক্ষ থেকে লীজ গ্রহণকৃত জমি হতে প্রকল্পের জন্য ৬.৩৭ একর জমি প্রদান করা হবে এবং পদ্মা, মেঘনা, যমুনা ও এলপিজিএল প্রকল্পের অর্থের যোগান দিবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্প বাস্তবায়কাল নির্ধারণ করা হয় জানুয়ারি ২০১২ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত।

৮.২ ডিপিপি অনুযায়ী প্রকল্পটি ইপিসি কন্ট্রাক্টর নিয়োগের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। পরবর্তীতে প্রকল্পটি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত ১৬/০৬/২০১৪ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরডিপিপি অনুমোদিত হয় এবং প্রকল্পের বাস্তবায়নকাল জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮.৩ সিদ্ধান্ত অনুযায়ী ইওআই ও আরএফপি আহবানপূর্বক উক্ত প্রকল্পের পরামর্শক হিসেবে M/s. TATA Consulting Engineers Limited, India (TCE)-কে ১৬/০৪/২০১৫ তারিখে ৭,৮১,৬৫৩.০০ মার্কিন

ডলার পরামর্শক ফি-তে নিয়োগ দেয়া হয়। প্রকল্পের Detail Engineering, Design, Drawing, BOQ এবং Preparation of Tender Documents -সহ সুপারিভিশন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদনের জন্য TCE এর সাথে বিপিসি'র চুক্তি সম্পাদন করা হয়।

৮.৪ চুক্তি অনুযায়ী TCE-এর প্রদানকৃত ব্যাংক গ্যারিন্টির বিপরী তে চুক্তিমূল্যের ১০% সমপরিমাণ অর্থ ৭৮,১৬৫ মাঃ ডলার ১৮/১০/২০১৫ তরিখে TCE এর অনুকূলে অগ্রিম পরিশোধ করা হয়।

৮.৫ চুক্তির শর্তানুযায়ী ৯০ দিনের মধ্যে সকল ডকুমেন্টস দাখিল করার বধ্যবাধকতা থাকলে TCE কর্তৃক সর্বপ্রথম ১৫/১১/২০১৫ তরিখে ডিজাইন -ড্রয়িং সংক্রান্ত প্রাথমি ক তথ্যাদি সম্বলিত General Arrangement Drawing [Basic Engineering Package (BEP)] এর একটি খসড়া প্রেরণ করা হয় , যা বিপিসি'র সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে পরীক্ষান্তে কিছু অসংগতির বিষয়ে সংশোধনী আনার জন্য TCE-কে প্রথমে ১৯/১১/২০১৫ তারিখ এবং পরবর্তীতে ১৭/১২/২০১৫ তারিখে কতিপয় বিষয় সংশোধন করে সংশোধিত চূড়ান্ত কপি সরবরাহের জন্য অনুরোধ করা হয়। কিন্তু TCE হতে সংশোধিত BEP এর চূড়ান্ত কপি সরবরাহ করা হয়নি।

৮.৬ ২৩/১২/২০১৫ তারিখে ই-মেইলের মাধ্যমে এবং ০৫/০১/২০১৬ তারিখে পত্র মারফত ২৫ জানুয়ারি ২০১৬ তারিখের মধ্যে TCE কর্তৃক প্রস্তুতকৃত Detail Engineering, Design, Drawing, BOQ এবং Tender Documents-এর চূড়ান্ত কপি বিপিসিতে সরবরাহের জন্য অনুরোধ করা হয়। উল্লেখ্য , TCE -কে ১০% অগ্রিম অর্থ পরিশোধের তারিখ ১৮/১০/২০১৫ হতে ২৫/০১/২০১৬ তারিখ পর্যন্ত ৯০ (নব্বই) দিনের অধিক সময় অতিবাহিত হলেও TCE চূড়ান্ত কপি সরবরাহ করেনি।

৮.৭ ৯০ দিনের মধ্যে BEP এর চূড়ান্ত কপি সরবরাহ না করেই TCE প্রস্তুতকৃত BEP এর খসড়ার বিপরীতে ২০/০১/২০১৬ তারিখের মধ্যে ৮৪,১৮৪.০০ মার্কিন ডলার পরিশোধ করার জন্য বিপিসি -কে ২১/১২/২০১৫ তারিখ পত্র প্রেরণ করে।

৮.৮ TCE ২৯/১২/২০১৫ তারিখে প্রেরিত অন্য একটি পত্রে টেন্ডার ডকুমেন্টস তৈরীর জন্য একদিকে তিন মাস সময় বৃদ্ধির অনুরোধ করে অন্যদিকে তাদের উত্থাপিত ইনভয়েস অনুযায়ী ৮৪,১৮৪.০০ মাঃ ডলার ২০/০১/২০১৬ তারিখের মধ্যে পরিশোধ করা না হলে চুক্তিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণে বাধ্য হবে বলে জানায়।

৮.৯ এছাড়া TCE ২৪/১২/২০১৫ তারিখে এককভাবে একটি Scope Matrix তৈরী করে প্রেরণ করে , যেখানে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে কাজের পরিধি তাদের সুবিধামত প রিবর্তন করা হয় যা চুক্তিপত্রের শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

৮.১০ চুক্তিপত্র অনুসারে Detail Engineering, Design, Drawing, BOQ এবং Preparation of Tender Document সংক্রান্ত যাবতীয় কাজ TCE এর করার বাধ্যবাধকতা থাকলেও TCE কর্তৃক প্রেরিত Scope Matrix-এ উল্লিখিত কাজসমূহ বিপিসি কর্তৃক নিয়োজিতব্য LSTK Contractor সম্পাদন করবে বলে TCE জানায়, যা চুক্তিপত্রের পরিপন্থী। এছাড়া শর্তানুযায়ী প্রকল্পটি বাস্তবায়নের জন্য TCE কর্তৃক

বাংলাদেশে কোন অফিস খোলা হয়নি বা কোন লোকাল এজেন্ট নিয়োগ দেয়া হয়নি , যা কাজের প্রতি তাদের অনাগ্র হের প্রকাশ। প্রকল্পের ডিজাইন ড্রয়িং সংক্রান্ত কাজ করতে হলে সর্বপ্রথম Land Survery , Geo-Technical Soil Testing and Investigation ইত্যাদির প্রয়োজন থাকলেও TCE তা সম্পন্ন করেনি। এমনকি TCE চুক্তি স্বাক্ষরের সময়ে প্রকল্প এলাকাটি একবার শুধুমাত্র আনুমানিক ২০ মিনিট সময়ের জন্য পরিদর্শন করে।

৮.১১ জানুয়ারি, ২০১৬ মাসের মধ্যে টেন্ডার আহবানের লক্ষ্যে যাবতীয় ডকুমেন্টস সরবরাহের জন্য ২১/০১/২০১৬ তারিখে TCE-কে পুনরায় পত্র মারফত সহযোগিত করার আহবান জানানো হয় ।কিন্তু TCE হতে টেন্ডার আহবানের নিমিত্ত প্রয়োজনীয় ডকুমেন্টস সরবরাহ করা হয়নি।

৮.১২ এরই ধারাবাহিকতায় TCE গত ০৮/০২/২০১৬ তারিখে একতরফাভাবে চুক্তি বাতিলের পত্র প্রেরণ করে। TCE-এর চুক্তি বাতিলের প্রেক্ষিতে ব্যাংক গ্যারান্টি বিপরীতে বিপিসি কর্তৃক অগ্রিম প্রদানকৃত চুক্তি মূল্যের ১০% এর সমপরিমাণ ৭৮,১৬৫.০০ মার্কিন ডলার (টাকা-৬০,৭২,৪৪৩.৪৪) ১৭/০২/২০১৬ তারিখে নগদায়ন করে বিপিসি ’র ব্যাংক হিসাবে জমা কর হয়।

৮.১৩ পরবর্তীতে এ প্রকল্পের বিষয়ে ১৯/০৭/২০১৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রকল্পটি দেশী/বিদেশী উদ্যোক্তার সাথে যৌথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় ।

৮.১৪ উক্ত সিদ্ধান্তের ধারাবাহিকতায় প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে গত ০৮/০১/২০১৭ তারিখে ৩টি জাতীয় পত্রিকায় যৌথপার্টনার নির্বাচনের জন্য EOI প্রকাশ করা হয়। EOI ০৭/০৩/২০১৭ তারিখে গ্রহণ করা হয় যাতে ১৭টি প্রস্তাব পাওয়া যায়। প্রস্তাবসমূহ মূল্যা য়নপূর্বক ১৬/০৮/২০১৭ তারিখে ১৬টি Responsive প্রতিষ্ঠানকে RFP ডকুমেন্টস ইস্যু করা হয়। RFP প্রদানকৃত প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানের জন্য ১৪/০৯/২০১৭ তারিখ ১৪:৩০ ঘটিকায় বিপিসি’র কাওরান বাজার ঢাকাস্থ লিয়েজোঁ অফিসে Pre-bid মিটিং অনুষ্ঠিত হয়। Pre-bid মিটিং-এ ৯টি প্রতিষ্ঠান অংশ গ্রহণ করে এবং প্রস্তাবদাতাদের মোট ৬৫টি Clarifications এর উত্তর দেয়া হয়। প্রস্তাবদাতাদের অনুরোধের প্রেক্ষিতে দুই দফায় (০২/১০/১৭ তারিখ থেকে ১২/১১/২০১৭ তারিখ এবং ১২/১১/২০১৭ তারিখ থেকে ২০/১২/২০১৭ তারিখ পর্যন্ত) RFP গ্রহণের সময়সীমা বৃদ্ধি করা হয়।

৮.১৫ সর্বশেষ নির্ধারিত সময়সীমা অনুযায়ী ২০/১২/২০১৭ তারিখ ১৪:৩০ ঘটিকায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর বিএসসি ভবন চট্টগ্রামস্থ কার্যালয়ে RFP গ্রহণের আয়োজন করা হয়। তবে উক্ত তারিখে RFP দাতাদের নিকট থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি।

৮.১৬ মংলা এলপিজি প্রকল্পটি বাস্তবায়নের জন্যআহবানকৃত EOI এর বিপরীতে যৌথ পার্টনার পাওয়া না যাওয়ায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর পক্ষ থেকে যৌথ পার্টনার নির্বাচনের কার্যক্রমটি অব্যাহত রাখা হয়েছে। সুবিধাজন পার্টনার পাওয়া গেলে প্রকল্পটি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

০৯। আইএমইডি’র সুপারিশ/মন্তব্য:

০৯.১ ভবিষ্যতে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজন অনুযায়ী প্রকল্প গ্রহণ করা যুক্তিযুক্ত হবে;

০৯.২ ভবিষ্যতে অধিক সতর্কতার সাথে সঠিকভাবে প্রকল্প পরিকল্পনা করে সকল কারিগরী দিক বিবেচনা করে সরকারি

নীতিমালা অনুসরনপূর্বক প্রকল্প গ্রহন করতে হবে;

০৯.৩ কোন অডিট আপত্তি থাকলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে; এবং

০৯.৪ সুপারিশ অনুচ্ছেদ ০৯.১-০৯.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০নং কূপ খনন (সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্তি মুল্যায়ন প্রতিবেন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১। **প্রকল্পের নাম** : **বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০নং কূপ খনন (সংশোধিত)।**

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম** : পুলক কান্তি বড়ুয়া, পরিচালক,আইএমইডি।

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ১৪/০৩/২০১৮ খ্রিঃ

৪। **প্রকল্পের অবস্থান** : বাখরাবাদ গ্যাস ফিল্ড , মুরাদনগর, কুমিল্লা

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) ,
বাংলাদেশ অয়েল, গ্যাস এন্ড মিনার্যা ল কর্পোরেশন (পেট্রোবাংলা)

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ,
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৭। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন, ২০১৭ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
২৩৩০০.০০	২২৪৩৫.০০	২২৩১৯.৯৫	জুলাই, ২০১৫ হতে সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭ খ্রিঃ	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭ খ্রিঃ	-৪.২১%	৬০%

৮। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: সংযুক্ত পরিশিষ্ট-‘ক’**

(লক্ষ টাকায়)

ক্র: নং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)		
			বাস্তব	আর্থিক		বাস্তব	আর্থিক	
				জিডিএফ	কোম্পানীর নিজস্ব		জিডিএফ	কোম্পানীর নিজস্ব
(১)	(২)	(৩)	(৪)	(৫)		(৬)	(৭)	
(ক) রাজস্ব ব্যয়								
সরবরাহ ও সেবা								
১	ভ্যাট	থোক	থোক	২৭৬৩.০০	-	থোক	২৭৫৩.১০	
২	ট্যাক্স	থোক	থোক	১০৮৫.০০	-	থোক	১০৫৬.৬৪	

ক্র: নং	আরডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৭ পর্যন্ত)		
			বাস্তব	আর্থিক		বাস্তব	আর্থিক	
				জিডিএফ	কোম্পানীর নিজস্ব		জিডিএফ	কোম্পানীর নিজস্ব
(১)	(২)	(৩)	(৪)	(৫)		(৬)	(৭)	
৩	ব্যাংক, বীমা, পোর্ট ইত্যাদি							
	ক) ব্যাংক/বীমা, পোর্টহ্যান্ডেলিং/ডিউজ ইত্যাদি	থোক	থোক	১৫৩.০০	-		১৩৮.২৯	
	খ) প্রাক-জাহাজীকরণ পরিদর্শন (পিএসআই) ফি	থোক	থোক	৩৬.৯৭	০.০৩		৯.৯৪	০.০৩
৪	স্টেশনারী, সীল, স্ট্যাম্পস	থোক	থোক	২.০০	-	থোক	২.০০	
৫	প্রচার ওবিজ্ঞাপন	থোক	থোক	১.০০	-	থোক	০.০৪	
৬	প্রকল্প অফিসের আপ্যায়ন	থোক	থোক	১.০০	-	থোক	০.১০	
৭	পরামর্শক সেবা (বৈদেশিক)	জনমাস	জন মাস	১০৩.৯৬	২.০৪	২.৪৪ জনমাস	৯৮.১৫	২.০৪
৮	সম্মানী	থোক	থোক	১.৫০	-	থোক	০.৮৪	
৯	আইইই, ইআইএ, লোকেশন চিহ্নিতকরণইত্যাদি	থোক	থোক	৮.৫০	-	থোক	৮.০০	
১০	অন্যান্য:							
	ক) Gazprom International এর মাধ্যমে মালামাল, প্রকৌশল সেবা, পূর্ত কাজ ইত্যাদিসহ খনন সেবা গ্রহণ	১টিকূপ	১টিকূপ	১৮১৩৭.১২	১২৬.৮৮	১টিকূপ	১৮১২১.১৩	১২৬.৮৮
১১	সংযোগ সড়ক, ওয়েস্ট মাড অপসারণব্যবস্থা ইত্যাদির সংস্কার/মেরামত	থোক	থোক	২.০০	-	থোক	১.৯০	
১২	সম্পদ সংগ্রহঃ							
	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম							
	ক) স্থানীয়ভাবে সংগ্রহকৃত যন্ত্রপাতি, সরঞ্জাম, স্পেয়ার্স ইত্যাদি	১টিকূপ	থোক	৪.০০	-	লট		
১৩	কম্পিউটার ও যন্ত্রাংশ	লট	লট	৩.০০	-	লট	০.৮৭	
১৪	অফিস আসবাবপত্র	লট	লট	৪.০০	-	লট		
মোট ব্যয়		-	**১০০%**	**২২৩০৬.০৫**	**১২৮.৯৫**	**১০০%**	**২২১৯১.০০**	**১২৮.৯৫**

তথ্য সূত্রঃ পিসিআর।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১০। পটভূমিঃ বাখরাবাদ গ্যাস ফিল্ড শেল অয়েল কোম্পানী কর্তৃক ১৯৬৯ সালে ১নং কূপ খননের মাধ্যমে আবিস্কৃত হয়। ১৯৮১-১৯৮২ বছরে ২নং ৩নং , ৪নং এবং ৫নং কূপ সম্পন্ন হওয়ার পর এই গ্যাস ক্ষেত্র থেকে ১৯৮৫ সালের আগষ্ট মাসে বাণিজ্যিক উৎপাদন শুরু হয়। পরবর্তীতে ১৯৮৯ সালে ৬ , ৭ ও ৮ এবং ২০১৩ সালে ৯ নং কূপ খনন করা হয়। গ্যাসের চাপ ক্রমান্বয়ে হ্রাস পাওয়ায় ও পানি উৎপাদন ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় বাখরাবাদ ৪ ও ৬ নং কূপ যথাক্রমে জুন , ১৯৯৮ এবং আগষ্ট, ১৯৯৮ মাসে বন্ধ হয়ে যায়। বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে দৈনিক প্রায় ৪০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদিত হচ্ছে। দেশের

ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণের লক্ষ্যে প্রাকৃতিক গ্যাস উৎপাদন বৃদ্ধিপূর্বকনিরবচ্ছিন্নভাবে সরবরাহ অব্যাহত রাখা এবং বিদ্যুৎ ও সার কারখানাসহ অন্যান্য শিল্প কলকারখানায়নতুন কূপ খননের মাধ্যমে উৎপাদিত গ্যাস নিরবচ্ছিন্নভাবে সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যেবাংলাদেশ সরকার কর্তৃক বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন , ২০১০ এর আওতায়রাশিয়ার রাষ্ট্রয়াত্ব প্রতিষ্ঠান Gazprom EP International Investments B. V. এর মাধ্যমে খনন মালামাল সরবরাহ ও সংশ্লিষ্ট প্রকৌশল সেবা প্রদানসহ বাখরাবাদ ১০ নং কূপ খননের সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। উদ্দেশ্যঃ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদার বিপরীতে দ্রুততম সময়ে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০ নং কূপ খননের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধি করা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

- প্রকল্পের মূল ডিপিপি ২৪-০৮-২০১৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।
- প্রকল্পের সংশোধিত ডিপিপি ২৯-০৬-২০১৭ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।

১৩। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজনং : W01					
Drilling Services including Materials, Engineering Services, Civil works etc. by Gazprom International	Gazprom International provided the services under Addendum No. 6 to the Contract No. 01-03-01-01/2012 dated 26/04/2012 signed between Gazprom International & BGFCL/SGFL on 01-09-2015. প্রাক্কলিত মূল্য: ১৮২.৬৪ কোটি টাকা		৩০/০৬/২০১৭	১৭/০৬/২০১৭	
প্যাকেজনং : S01					
Engagement of Consultancy Services - Drilling Supervisor - Petroleum Engineer (Drilling & Completion)	These services were taken from M/S Oryx Energy Consultants, Sdn, Bhd, Malaysia engaged by SGFL under the MOU signed between BGFCL &		৩০/১২/২০১৮	০৮/০৬/২০১৬	

	SGFL on 19.01.2016. প্রাক্কলিত মূল্য: ১.০৬ কোটি টাকা			

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২২৩১৯.৯৫ লক্ষ টাকা ও বাস্তব অগ্রগতি অর্জিত হয়েছে ১০০%। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ , অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

লক্ষ টাকায়

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়				অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা		প্রঃ সাঃ	
						জিডিএফ	কোম্পানীর নিজস্ব		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)		(৮)	(৯)
২০১৫-১৬	১১১৫.০০	১১১৫.০০	-	১১১২.০০	৮২২.০৭	৮২২.০৭	-	-	২৮৯.৯৩
২০১৬-১৭	২১৫৮০.০০	২১৫৮০.০০	-	২১৪৭৫.০৭	২১৪৯৭.৮৮	২১৩৬৮.৯৩	১২৮.৯৫	-	১০৬.০৭
মোট:	**২২৬৯৫.০০**	**১০৫১৫.০০**		**২২৫৮৭.০০**	**২২৫৮৭.০০**	**২২১৯১.০০**	**১২৮.৯৫**	**-**	**৩৯৬.০০**

এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ২২৪৩৫.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ২২৩১৯.৯৫ লক্ষ টাকা যার মধ্যে জিডিএফ হতে বরাদ্দ ২২১৯১.০০ লক্ষ টাকা এবং কোম্পানীর নিজস্ব অর্থ ১২৮.৯৫ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে জিডিএফ হতে মোট ছাড়কৃত অর্থের পরিমাণ ২২৫৮৭.০০ লক্ষ টাকা। এতে দেখা যায় , প্রকল্প সমাপ্ত শেষে জিডিএফ হতে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৩৯৬.০০ লক্ষ টাকা (২২৫৮৭.০০ – ২২১৯১.০০) লক্ষ টাকা। পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ পেট্রোবাংলায় যথাসময়ে ফেরতপাঠানোহয়েছে।

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
মোঃ মামুন আজাদ প্রকল্প পরিচালক ও ব্যবস্থাপক	পূর্ণকালীন	-	১২/১০/২০১৫ খ্রিঃ	৩০/০৬/১৭	প্রকল্পসমাপ্তিপর্যন্তদায়িত্বরত

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদার বিপরীতে দ্রুততম সময়ে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০ নং কূপ খননের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধি করা।	Gazprom International কর্তৃক ০৯-০৩-২০১৬ তারিখেবাখরাবাদ ১০ নং কূপ খনন শুরু হয় এবং ১৭-০৬-২০১৬তারিখে কূপটির কমপ্লিশন কাজ সম্পন্ন হয়। ৩০-০৬-২০১৬ তারিখ হতে কূপটি থেকে দৈনিক ৫মিলিয়ন ঘনফুট হারে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হয়।

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
২	এ সম্পর্কিত অন্যান্য কাজ	সিলেট গ্যাস ফিল্ড কর্তৃক নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান M/S Oryx Energy Consultants, Sdn, Bhd, Malaysiaহতে Drilling Supervisor ও Petroleum Engineer (Drilling & Completion) ক্যাটাগরীতে প্রয়োজনীয় পরামর্শক সেবা গ্রহন করা হয়।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

১৮। অডিট : প্রকল্প মেয়াদে কোন অডিট আপত্তি ছিল না।

১৯। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রকল্প বাস্তবায়ন ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।

২০। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত হয়েছে।

২১। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any): প্রযোজ্য নয়।

২২। চুক্তি বাস্ত বায়নে বিলম্বের কারণ: প্রযোজ্য নয়।

২৩। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:

২৪। পরিদর্শন পর্যবেক্ষণঃ বিগত ১৪/০৩/২০১৮ খ্রি:তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক জনাব পুলক কান্তি বড়ুয়া কর্তৃক "বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০নং কূপ খনন " শীর্ষক প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগন উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানকরেন। পরিদর্শনকালে দেখা যায়,

২৪.১। "বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০নং কূপ খনন " শীর্ষক প্রকল্পের আওতায় বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০নং কূপ খনন করা হয়েছে এবং৩০-০৬-২০১৬ তারিখ হতে কূপটি থেকে দৈনিক ৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহশুরু করা হয়।

২৪.২। বর্তমানে কূপটি হতে দৈনিক ৩.৮ মিলিয়ন ঘনফুট হারে এবং প্রায় ৯৬০ পিএসআইজিওয়েলহেড প্রেসারে গ্যাস উৎপাদিত হচ্ছে।

২৪.৩। কূপটি হতে উৎপাদিত গ্যাস বাখরাবাদ গ্যাস ফিল্ডের লোকেশন-এ তে বিদ্যমান প্রসেস প্লান্টের মাধ্যমে প্রক্রিয়াকরণ করে জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে।

২৪.৪। উৎপাদন শুরু হওয়ার পর থেকে কূপটি হতে নিরবচ্ছিন্নভাবে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করাহচ্ছে।

২৪.৫। পরিদর্শন কালে কূপটি হতে গ্যাস উৎপাদন অব্যহত ছিল।

২৫। সুপারিশ:

২৫.১। দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণের লক্ষ্যেপ্রাকৃতিক গ্যাস উৎপাদন বৃদ্ধিপূর্বক নিরবচ্ছিন্নভাবে সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যেবিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর আওতায় জিডিএফ এর অর্থায়নে "বাখরাবাদ গ্যাস ফিল্ডে ১০নং কূপ খনন " শীর্ষক প্রকল্পটিবাস্তবায়ন করা হয়। কূপটি হতেনিরবচ্ছিন্নভাবেগ্যাসসরবরাহ যেন অব্যাহতথাকেসেজন্য সংশ্লিষ্ট সবাইকে সজাগ দৃষ্টি রাখতে হবে। কূপটি হতে গ্যাস উৎপাদনকালে কারিগরীব্যবস্থাপনায় যাতে কোন রকম ত্রুটি/গাফেলতি না হয় সে ব্যাপারে বিশেষ নজর রাখতে

হবে। এর ব্যতয় ঘটার ফলে কোন কারণে গ্যাস উৎপাদনে সমস্যা হলে জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ বিঘ্নিতহবে এবং জাতীয় স্বার্থ মারাত্মক ক্ষতিগ্রস্থ হবে।

২৫.২। কূপ এলাকাসহ গ্যাস ফিল্ডের নিরাপত্তা ব্যবস্থা আরো কঠোর করতে হবে।